কালের কণ্ঠ কালের কণ্ঠ
তারিখ 19 SEP 2017 পৃ: ১৭ কলাম 2

ঢাবি ভর্তি পরীক্ষা

# ‘গ’ ইউনিটের ফল প্রকাশ ভর্তিযোগ্য ১৫ শতাংশ

## ‘চ’ ইউনিটের সাধারণ জ্ঞানের ফল প্রকাশ

**ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদভুক্ত ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। পরীক্ষায় ১৪.৭৫ শতাংশ শিক্ষার্থী ভর্তির যোগ্য বিবেচিত হয়েছে।

গতকাল সোমবার সন্ধ্যা ৭টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের কেন্দ্রীয় ভর্তি অফিসে এক সংবাদ সম্মেলনে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আখতারুজ্জামান আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করেন। এ সময় ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন ও ‘গ’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক শিবলী রুবাইয়াতুল ইসলাম, চারুকলা অনুষদের ডিন ও ‘চ’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ প্রমুখ উপস্থিত ছিলেন।

এ বছর ‘গ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশ নেওয়ার জন্য ২৯ হাজার ৩১৩ জন আবেদন করলেও শেষ পর্যন্ত পরীক্ষায় অংশ নেয় ২৮ হাজার ২৪৮ জন শিক্ষার্থী। পাস করেছে চার হাজার ১৬৮ জন শিক্ষার্থী যার মধ্যে এক হাজার ২৫০ জন শেষ পর্যন্ত ‘গ’ ইউনিটে ভর্তির সুযোগ পাবে।

উত্তীর্ণ সব শিক্ষার্থী আগামী ২৫ সেপ্টেম্বর থেকে ৮ অক্টোবরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (admission.eis.du.ac.bd) গিয়ে ‘বিষয় পছন্দক্রম ফরম’ পূরণ করতে পারবে। আর কোটায় ভর্তির জন্য ১৯ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বরের মধ্যে ব্যবসায় শিক্ষা অনুষদের ডিন অফিস থেকে ফরম নিয়ে তা পূরণ করে জমা দিতে হবে। আর কেউ যদি ভর্তি পরীক্ষার ফল পুনর্নিরীক্ষার আবেদন করতে চায়, তাহলে তাকে ফি প্রদান সাপেক্ষে ১৯ সেপ্টেম্বর থেকে ২৬ সেপ্টেম্বর মধ্যে ডিন অফিসে যোগাযোগ করতে হবে।

এ ছাড়া গতকাল সোমবার চারুকলা অনুষদভুক্ত ‘চ’ ইউনিটের সাধারণ জ্ঞান অংশের পরীক্ষার ফল ঘোষণা করা হয়েছে। এ বছর ভর্তীচ্ছু মোট ১৩ হাজার ৪৭৮ জন শিক্ষার্থীর মধ্যে ১১ হাজার ৭৪ জন সাধারণ জ্ঞান পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে যুগ্ম অবস্থান থাকায় মোট এক হাজার ৫৫২ জন উত্তীর্ণ হয়েছে। উত্তীর্ণরা আগামী ২৩ সেপ্টেম্বর সকাল ১০টা থেকে ১১টা ৩০ মিনিট পর্যন্ত অঙ্কন পরীক্ষায় অংশগ্রহণ করবে। এই ইউনিটে এবার মোট আসন ১৩৫টি।